



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pro@bhafc.gov.bd](mailto:pro@bhafc.gov.bd)

## প্রেস বিজ্ঞপ্তি

### ‘কেমন বাজেট চাই’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত



সম্প্রতি বন্দর নগরী চট্টগ্রামে দৈনিক পূর্বকোণ ভবনের সম্মেলন কক্ষে ‘কেমন বাজেট চাই’ শীর্ষক এক গোল টেবিল আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ গোলটেবিল আলোচনার চেয়ারপার্সন ও সঞ্চালক ছিলেন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন পরিচালনা পর্ষদ এবং ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর নির্বাহী কমিটির চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দি পূর্বকোণ লিমিটেড এর চেয়ারম্যান জসিম উদ্দিন চৌধুরী। এ আলোচনায় চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ সভাপতি ও সার্ক চেম্বারসহ সভাপতি মাহবুবুল আলম, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজের সহ-সভাপতি এ এম মাহবুব চৌধুরী, বিজিএমইএ’র প্রথম সহ-সভাপতি মঈনুদ্দিন আহমেদ মিন্টু, রিহাব চট্টগ্রাম চেম্বারের চেয়ারম্যান আবদুল কৈয়ুম চৌধুরীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের শীর্ষ স্থানীয় ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

আলোচনা অনুষ্ঠানে বন্দরনগরী চট্টগ্রামের উন্নয়ন ধারা অব্যাহত রাখার প্রতি গুরুত্ব আরোপ করা হয়। তাছাড়া কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আবাসন, অবকাঠামো ও যোগাযোগ খাতসহ দেশের সার্বিক টেকসই উন্নয়ন বাস্তবায়নযোগ্য বাজেট বজায় রাখার জন্য সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।